**একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম,ঢাকা
http://www.ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.০৬.০০৮.২৩- ৫৮৮ তারিখঃ ২৬ মে ২০২৪

**সভার নোটিশ**

**বিষয়: আওতাধীন জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ এর ২য় ও ৩য় ত্রৈমাসিক অগ্রগতির ওপর ফিডব্যাক প্রদান প্রসঙ্গে সভা।**

**গত ২৮ মে ২০২৪ তারিখ মঙ্গলবার, সকাল ১১:০০ ঘটিকার** উপরোল্লেখিত সভা **আগামী ০৬ জুন ২০২৪ তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায়** পরিচালক মহোদয়ের কক্ষে ও জুম ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব আ,ন,ম তরিকুল ইসলাম, পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে জুমে যুক্ত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ভার্চুয়াল সভায় অংশগ্রহণের জন্য Zoom Meeting Link, Meeting ID ও Password নিম্নে দেওয়া হলো;

**Topic: ফিডব্যাক সভা**

Join Zoom Meeting
https://us06web.zoom.us/j/85097800235?pwd=Z0ahHVTktoadgY13RowT5PUC29DW5I.1

Meeting ID: 850 9780 0235
Passcode: 1212

২৬/৫/২০২৪
এস, আই, এম ফেরদৌউস আলম
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৫১৬৪৮
ইমেইল: ada@ds.gov.bd

**বিতরণ/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অধ্যক্ষ (সকল), সরকারি শারীরিক শিক্ষা কলেজ ..............................।
২. জেলা ক্রীড়া অফিসার (সকল) ...............................।
৩. সহকারী পরিচালক (সংগঠন), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
৪. পরিচালকের একান্ত সহকারী, পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে (সভায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

**অবগতি:**

১. শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
http://www.ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.০৬.০০৮.২৪- ৬৭৬ তারিখঃ ০৬ জুন ২০২৪

**ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ ও পরিবীক্ষণ এর ২য় ও ৩য় ত্রৈমাসিক অগ্রগতির ওপর ফিডব্যাক প্রদান সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আ,ন,ম তরিকুল ইসলাম<br>পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ ও সময় | : | ০৬/০৬/২০২৪ তারিখ, সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | পরিচালক মহোদয়ের কক্ষ, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা ও ভার্চুয়াল প্লাটফর্ম |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন এবং ক্রীড়া পরিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ সহ ক্রীড়া পরিদপ্তর ও অধীনস্থ দপ্তর জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজ সমুহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ সংক্রান্ত কার্যক্রম সভায় উপস্থাপনের জন্য সহকারি পরিচালক (প্রশাসন) কে নির্দেশ প্রদান করেন। সহকারী পরিচালক(প্রশাসন) ক্রীড়া পরিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ সভায় উপস্থাপন করেন।

এ পর্যায়ে সভাপতি ক্রীড়া পরিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪, পূর্বের সভার কার্যবিবরনী ও এ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম নিয়ে চরম অসন্তোষ প্রকাশ করেন। তিনি আরও বলেন, সঠিক তথ্য প্রাপ্তির অধিকার কার্যকর প্রয়োগের মাধ্যমে সকল অফিসের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হয়, ফলে দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠিত হয়।

সভাপতি এ পর্যায়ে সভায় অন্যান্য সদস্যদের মতামত আহবান করলে জনাব আবদুল মালেক তালুকদার, অধ্যক্ষ(চলতি দায়িত্ব), সরকারী শারীরিক শিক্ষা কলেজ, বাগেরহাট আমাদের কার্যক্রম এতোদিন পরে আজ আমরা পরিষ্কার জানতে পারলাম, এজন্য সভার সভাপতি ও পরিচালক, ক্রীড়া পরিদপ্তর মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। এপর্যায়ে জনাব মোঃ শাহীন সুলতান রাজা, জেলা ক্রীড়া অফিসার, ফরিদপুর বলেন, এতোদিন জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ নিয়ে কার্যক্রম ছিল শুধুমাত্র কাগজপত্রে, আমাদেরকে কখনো ক্রীড়া পরিদপ্তর থেকে জানানো হয়নি এবিষয়ে এবং কখনো এসংক্রান্ত সভা হয়েছে তা সম্পর্কে তিনি অবগত ছিলেন না। এ পর্যায়ে জনাব এস এম গিয়াস উদ্দিন বাবর প্রভাষক (আয়ন ব্যয়ন কর্মকর্তা),সরকারী শারীরিক শিক্ষা কলেজ, চট্রগ্রাম ও জনাব ফারজিন আক্তার মুমু, জেলা ক্রীড়া অফিসার, নরসিংদী সাথে একমত পোষণ করেন এবং বলেন জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা নিয়ে সরকারের যে উদ্দেশ্য সেটা পূরণ করতে যা যা করা লাগে আমরা তা করবো। এ সভায় তাদেরকে ডাকার জন্য সভার সভাপতি ও পরিচালক ক্রীড়া পরিদপ্তর কে ধন্যবাদ জ্ঞাপন করেন। জনাব মাহমুদা আক্তার, জেলা ক্রীড়া অফিসার, ব্রহ্মণবাড়ীয়া বলেন, আমরা আমাদের এসংক্রান্ত কার্যক্রম নিয়ে একদম পরিষ্কার ধারণা পেয়েছি, আজকের সভায় পরিচালক, ক্রীড়া পরিদপ্তর মহোদয় যে সব নির্দেশনা দিয়েছেন, আমরা সেভাবে কাজ করবো। এপর্যায়ে অধ্যক্ষ, ঢাকা কলেজ বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনাসহ সরকারের আরও কিছু গুরুত্বপূর্ণ বিষয়, যা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের সাথে অংগাঅংগিভাবে জড়িত যেমন ওয়েবসাইট, ইনোভেশন, এপিএ, সেবা সহজিকরণ সহ অন্যান্য

বিষয়গুলো নিয়ে আমাদের করণীয় কি - সেটা কখনো জানানো হয়নি, কখনো কোনো সময় আমাদের ডাকা হয়নি। আজকের সভায় ডেকে আমাদের মতামত নেওয়া এবং করণীয় জানানোর জন্য তিনি সভার সভাপতি ও পরিচালক ক্রীড়া পরিদপ্তর কে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি ক্রীড়া পরিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ যথাযথ সময়ে বাস্তবায়নের নিমিত্ত নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

০১। ক্রীড়া পরিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর আওতায় সরকারি শারীরিক শিক্ষা কলেজ ও জেলা ক্রীড়া অফিস সমূহের ওয়েবসাইটে তাদের সেবা সম্পর্কিত তথ্য হালনাগাদকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। সভায় নৈতিকতা কমিটির সদস্যগণ ও আওতাধীন দপ্তর সংস্থার এপিএ, সিটিজজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে এ বিষয়ে ক্রীড়া পরিদপ্তর এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা-এর কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য এপিএ, সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার উপর প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬.০৬.২০২৪

আ,ন,ম তরিকুল ইসলাম
পরিচালক (যুগ্মসচিব)
ফোন :২২৩৩৫৫৭৯
ইমেইল: director@ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.০৬.০০৮.২৪- ৫৭৬

তারিখ: ০৬ জুন ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

০১। অধ্যক্ষ (সকল), সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ............................।
০২। জেলা ক্রীড়া অফিসার, ...............................।
০৩। সহকারী পরিচালক (সংগঠন), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
০৪। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
০৬। অফিস নথি ।

৬/৬/২০২৪

এস, আই, এম ফেরদৌউস আলম
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৫১৬৪৮
ইমেইল: ada@ds.gov.bd